# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার
# কার্যবিবরণী নভেম্বর/২০২৫

সভাপতি:মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার,
কাহারোল, দিনাজপুর।

তারিখ: ১৩/১১/২০২৫ খ্রি:
রোজ: বৃহস্পতিবার
সময়: সকাল ১১ ঘটিকা।
স্থান: উপজেলা নির্বাহী অফিসারের অফিস

কক্ষ

আলোচ্য সূচী: ০১। রবি/ ২০২৫-২৬ মৌসুমে আলু, গম, ভুট্টা, সরিষা, শাকসবজিসহ অন্যান্য ফসলের আবাদ পরিস্থিতি ও আন্তঃপরিচর্যা প্রসঙ্গে।
০২। রবি/ ২০২৫-২৬ মৌসুমে বিভিন্ন ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সার পরিস্থিতি স্বাভাবিক রাখা প্রসঙ্গে।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিষয় ভিত্তিক আলোচনা করার জন্য উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর মহোদয়কে অনুরোধ জানান। সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি কাহারোল, দিনাজপুর জানান যে,রবি/২০২৫-২৬ মৌসুমে আলু ফসলের লক্ষ্যমাত্রা ৪০১০ হেক্টর, গম ৭৫ হেক্টর, সরিষা ৯০০ হেক্টর, ভুট্টা ১১৬২২ হেক্টর এবং শাকসবজি ৫৫৫ হেক্টর।এ পর্যন্ত অর্জন হয়েছেআলু ৩৯০ হেক্টর, ভুট্টা ৪২০ হেক্টর, শাকসবজি ২৪০ হেক্টর। এ মৌসুমে ফসলের উল্লেখযোগ্য সমস্যার মধ্যে আলুর ব্লাইট রোগ, ভুট্টার কাটুই পোকা ও ফল আর্মিওয়ার্ম। উক্ত সমস্যাগুলোর সুষ্ঠু সমাধানের বিষয়ে আলোচনা করা প্রয়োজন।

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি, কাহারোল, দিনাজপুর মহোদয়র আরও জানান যে, চলতি রবি/২০২৫-২৬ মৌসুমে ভুট্টা এবং আলু ফসলের আবাদ বাড়তে পারে। ফসল দুটির সারের চাহিদা তুলনামুলকভাবে বেশি হওয়ায় সার পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে আলোচনা করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিজ ব্লকের কৃষকদের মাঝে নিয়মিত উপস্থিত হয়ে আলুর ব্লাইট রোগ, ভুট্টার কাটুই পোকা ও ফল আর্মিওয়ার্ম পোকা প্রতিরোধে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সার পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য ডিলারদের প্রতি মাসের নামীয় বরাদ্দের টাকা জমা, উত্তোলন, বিক্রয় ও বিতরণের জন্য উপজেলা কৃষি অফিস হতে পত্র আকারে নোটিশ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার পাশাপাশি ডিলার মনিটরিং জোরদার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

১৩/১১/২৫

মোকলেদা খাতুন মীম
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

''কৃষিই সমৃদ্ধি''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কাহারোল, দিনাজপুর।
uaodaekaharole@gmail.com

স্মারক নং-১২.১৮.২৭৫৬.০৪১.৯৯.০০০.২৫/ ১৭১৭ তারিখ: ১৩/১১/২০২৫ খ্রি:

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:</u>

০১। ..................................................................অফিসার, কাহারোল, দিনাজপুর।

০২। চেয়ারম্যান, ১ নং ডাবোর ইউরিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৩। চেয়ারম্যান, ২ নং রসুলপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৪। চেয়ারম্যান, ৩ নং মুকুন্দপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৫। চেয়ারম্যান, ৪ নং তারগাঁও ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৬। চেয়ারম্যান, ৫ নং সুন্দরপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৭। চেয়ারম্যান, ৬ নং রামচন্দ্রপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৮। অফিস কপি।

১৩/১১/২৫

সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
কাহারোল, দিনাজপুর।

# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় উপস্থিতি

তারিখ:১৩/১১/২০২৫ খ্রি:

| ক্রমিক নং | উপস্থিত সদস্যবৃন্দের পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর। | সভাপতি | [signature] |
| ০২ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ৪ নং তারগাঁও ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। | সদস্য সচিব | [signature] |